

(প্রেস বিজ্ঞপ্তি)

৫ মার্চ ২০২৩খ্রি.

চসিক কুসুম কুমারী স্কুলের কৃতি ও বিদায়ী শিক্ষার্থী সংবর্ধনা সভায় মেয়র
লেখাপড়ার পাশাপাশি মানবিকতা, নৈতিক মূল্যবোধ ও মনুষ্যত্ব অর্জন করতে না পারলে
সত্যিকারের আলোকিত মানুষ হওয়া যায় না

লেখাপড়ার পাশাপাশি মানবিকতা, নৈতিক মূল্যবোধ ও মনুষ্যত্ব অর্জন করতে না পারলে সত্যিকারের আলোকিত মানুষ হওয়া যায় না বলে মন্তব্য করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

আজ মঙ্গলবার দুপুরে চসিক জামালখান কুসুমকুমারী স্কুলে বার্ষিক পুরস্কার বিতরণী, কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও এসএসসি' ২০২৩ পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, এই স্বাধীনতার মাস এই মাসটি দুটি কারণে গুরুত্বপূর্ণ। এ মাসে জাতির পিতা বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন আবার এ মাসেই বঙ্গবন্ধুর শুভ জন্মদিন। মেয়র বলেন, স্বাধীনতা কারো দয়ায় বা ছইসেলে আসেনি, অনেক ত্যাগ ও রক্তের বিনিময়ে আমরা এ দেশের স্বাধীনতা ছিনিয়ে এনেছি। এক সময় মেয়েরা শিক্ষা দিক্ষায় অনেক পিছিয়েছিল বঙ্গবন্ধু দেশে স্বাধীন করায় মেয়েরা এখন শিক্ষিত হয়ে বিভিন্ন জায়গায় প্রতিষ্ঠিত। তিনি ছাত্রীদের বাঙ্গালীর ইতিহাস, ঐতিহ্যে, শিক্ষিত হয়ে দেশ গঠনে প্রতিষ্ঠিত হওয়ার আহ্বান জানান।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চসিক শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর শৈবাল দাশ সুমন, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, স্কুল পরিচালনা কমিটির সদস্য সাবেক প্রধান শিক্ষক সুধীর কুমার রায়। এতে স্বাগত বক্তব্য রাখেন স্কুলের প্রধান শিক্ষিকা চম্পা মজুমদার, বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে লাবিবা নুর এবং মানপত্র পাঠ করেন দশম শ্রেণীর ছাত্রী তুষিতা বড়ুয়া।

মেয়র এস.এস.সি পরিক্ষার্থীদের শুভকামনা জানিয় বলেন, শিক্ষার্থীদের ফলাফলের উপর শিক্ষাপ্রতিষ্ঠানের সুনাম নির্ভর করে তাই বিদ্যালয়ের সুনাম রক্ষার্থে তোমাদের কঠোর অধ্যবসায় করতে হবে। তিনি বলেন, মানুষ যদি বিবেক দ্বারা পরিচালিত হয়, তাহলে তার পক্ষে অসত্য ও অসুন্দর কোন কাজ করা সম্ভব নয়। এ প্রসঙ্গে তিনি শিক্ষার্থীদের বলেন, বিশ্ব মানের নাগরিক হওয়ার মানসিকতা ধারণ করে জীবনকে গড়ে তুলতে হবে। কর্মক্ষেত্রে দেশের স্বার্থকে বিবেচনায় রেখেই দায়িত্ব পালন করে পরিবার, সমাজ ও দেশের কল্যাণে নিজেকে শপে দিতে হবে। সর্বক্ষেত্রে নেতিবাচক দৃষ্টিভঙ্গি পরিহার করে ইতিবাচক চিন্তা-চেতনায় পরিচালিত হয়ে অর্জিত জ্ঞান ও দক্ষতার আলোকে মানুষের কল্যাণে কাজ করতে হবে।

মেয়র আরো বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা নারীর ক্ষমতায়নে শিক্ষা দীক্ষাসহ বিভিন্ন জায়গায় তাদের সুযোগ করে দিয়েছেন। নারীরা যত শিক্ষিত হবে দেশ ও জাতি তত উন্নত হবে। জাতি সচেতন ও শিক্ষিত হলে স্বাধীনতা অর্জনের সুফলও মানুষ ভোগ করবে।

অনুষ্ঠান শেষে কৃতি শিক্ষার্থী ও বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করেন মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। এ ছাড়াও অনুষ্ঠানে মেয়র ও প্রধান নির্বাহী কর্মকর্তাকে বিদ্যালয়ের মনোগ্রাম খচিত ক্রেস্ট প্রদান করা হয়। পরে মেয়র ও অতিথিবৃন্দ বিদ্যালয়ের বার্ষিক ম্যাগাজিন পদক্ষেপের মোড়ক উন্মোচন করেন।

ইপিআই কর্মসূচী জোরদার করার লক্ষ্যে চসিক স্বাস্থ্য বিভাগ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)'র
উদ্যোগে 'ইপিআই ত্রৈমাসিক সমন্বয় সভা' অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্বাস্থ্য বিভাগ পরিচালিত নগরীর ৪১টি ওয়ার্ডে চলমান ইপিআই কার্যক্রম শতভাগ কভারেজ করার লক্ষ্যে চসিকে কর্মরত সকল জোনাল মেডিকেল অফিসার, ইপিআই টেকনিশিয়ানদের নিয়ে 'ইপিআই ত্রৈমাসিক সমন্বয় সভা' আজ রবিবার সকালে চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর দিক-নির্দেশনায় নগরীর চিকিৎসা সেবায় গতিশীলতা আনতে নানামুখী পদক্ষেপ নেওয়া হয়। এরই লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন

এলাকায় ইপিআই কার্যক্রমকে শতভাগ নিশ্চিত করতে সংশ্লিষ্ট জোনাল মেডিকেল অফিসারগণকে দিক নির্দেশনা দেয়া হয় এবং ০৭টি ইপিআই জোনে টিকাদানের কভারেজ, ড্রপ আউট, রিপোর্টিং, সুপারভিশন কার্যক্রমের বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। তিনি আরো বলেন, প্রত্যেক টিকাদান কেন্দ্রে টার্গেট অনুযায়ী টিকা প্রদানের বিষয় অবশ্যই সুনিশ্চিত করতে হবে। প্রয়োজনে অতিরিক্ত সেশন ব্যবস্থা করা হবে। সভায় গত বছরের ইপিআই কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে কার্যক্রম উপস্থাপন করেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)'র এসআইএমও ডাঃ সরওয়ার আলম। সভা পরিচালনা করেন ভ্যাকসিনেশান ইনচার্জ মোঃ আবু ছালেহ।

সভায় আরো বক্তব্য রাখেন স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ ইমাম হোসেন রানা, বিভাগীয় কো অডিনেটর (হু) ডাঃ ইমং প্রু চৌধুরী, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মাহাজন, ন্যাশনাল ইপিআই আরবান স্পেশালিস্ট ইউনির্সেফ চট্টগ্রাম ডাঃ প্রসূন রায়, চঅএঃঐ ওহঃবৎহঃরঃডঃহঃষ ঙৎমঃধঃহঃরঃডঃহঃ বিভাগীয় কনসালটেন্ট ডাঃ নাজনীন রশীদ প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮